



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৩.২৩.১০১১

১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: রিট পিটিশন নং-১৩০৬২/২০২৩ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর ২২.০৮.২০২৩ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৭৭২/৪/মুন্সীগঞ্জ-০৮; তারিখ: ০৪.০৩.২০২১ খ্রি.


২। মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-বামাশিবো/প্রশা/৭৯৪/২/মুন্সীগঞ্জ-০৮; তারিখ: ১৭.১০.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলাধীন হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসার সহকারি শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম দায়িত্ব পালনে বাধা প্রদান ও বেতন ভাতা প্রাপ্তির বিষয়ে অভিযোগ দাখিল করেছেন এবং একই বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৩০৬২/২০২৩ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট উক্ত শিক্ষকের ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তির জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে নির্দেশ প্রদান করেন।

ইতিপূর্বে সহকারি শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন ৩৬৫৭/২০১৫ এর রায়ের আলোকে সূত্রোক্ত ০১ নং স্মারকে পত্র জারির পর থেকে তিনি স্ব-পদে দায়িত্ব পালন করবেন জানিয়ে পত্র দেয়া হয়। পরবর্তীতে বোর্ড কর্তৃক প্রেরিত সূত্রোক্ত ০১ নং স্মারকের আলোকে সুপার ও সভাপতি উক্ত শিক্ষককে মাদ্রাসায় স্বপদে যোগদান করতে দেননি মর্মে আবেদন করেন। বোর্ডের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় অনুমোদিত কমিটি কেন বাতিল করা হবে না তার সম্মোষণক জবাব ১০ (দশ) দিন সময় দিয়ে সূত্রোক্ত ০২ নং স্মারকে সুপার ও সভাপতিকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সুপার ও সভাপতি কোন জবাব দাখিল করেননি। তবে সুপারের ২৩.০১.২০২৪ খ্রি. তারিখের (ম্যানেজিং কমিটি অনুমোদন বিষয়ে) আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনায়, গত ০২.১২.২০২১ খ্রি. তারিখে

অভিযোগকারী সহকারি শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম স্ব-পদে যোগদান করেন এবং ০৯.১২.২০২১ খ্রি. তারিখের রেজুলেশনে তা অনুমোদন করা হয় মর্মে দেখা যায়। এছাড়াও জনাব মোঃ আজাদুল ইসলাম, পিতাঃ আবদুর রহমান বাসাইল উচ্চ বিদ্যালয়ের খন্ডকালীন সহকারি শিক্ষক (গণিত) পদে গত ২৫.০৫.২০২২ খ্রি. তারিখের নিয়োগপত্র পাওয়া যায়।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট এর নির্দেশনা মোতাবেক অভিযোগকারী সহকারি শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তির জন্য সুপারের ২৩.০১.২০২৪ খ্রি. তারিখের (ম্যানেজিং কমিটি অনুমোদন বিষয়ে) আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র এবং অভিযোগকারীর অভিযোগ বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে উভয় পক্ষের শুনানী গ্রহণ করার জন্য আগামী ০২.০৪.২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



২৭-০৩-২০২৪  
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার  
chairman@bmeb.gov.bd

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সুপার, হযরতপুর (গোপালপুর) আহমদীয়া দাখিল মাদরাসা, সিরাজদিখান, জেলা- মুন্সীগঞ্জ। এবং
- ২। জনাব মোঃ আজাদুল ইসলাম, সহকারী শিক্ষক (গণিত), হযরতপুর (গোপালপুর) আহমদীয়া দাখিল মাদরাসা, সিরাজদিখান, জেলা- মুন্সীগঞ্জ।।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৩.২৩.১০১১/১(৪)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ এবং
- ৪। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



২৭-০৩-২০২৪  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার